भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

052412

Deficit Stamp Duty of Rs. 40,000/- 245147/-
has been realised
as per Bank Draft No. 209806 209805
Date 15.10.08

Deficit Stamp Duty of Rs. 45000/-
has been realised on 12.10.07
as per Bankers Cheque 790217
Bank Draft No.
Date 11.10.07

North 24-Parganas

12 OCT 2007 15 OCT 2008

D.S.R.-II Barasat, North 24-Parganas

১০,০০,০০০.০০ দশ লক্ষ টাকা পণে

# সাফ বিক্রয় কোবালা

কোবালা গ্রহীতা/ক্রেতা :—

মোসাম্মাৎ রাবিয়া বিবি, স্বামী - সেখ রফিকুল ইসলাম,
সাং - কাঁজিয়াল পাড়া, পোঃ ও থানা - রাজারহাট,
জেলা - উত্তর ২৪ পরগণা।
জাতীয়তায় - ভারতীয়, ধর্মে - ইসলাম, পেশা - গৃহকার্য্য।

নং - 1171
বিক্রী নম্বর - 2007
তারিখ - 11-10-07
ক্রেতার নাম - Rabia Bibi
ঠিকানা - Kazialpara. Rajarhat
মূল্য - 5000/-
ভেন্ডার - [illegible]
স্ট্যাম্প ভেন্ডার [illegible]
দলিল লেখক - 29/10/2007
দলিল নং - 1-57 P.M.

[illegible] for Registration at 1-57 P.M.
on the 12th day of October 2007.
... of the Sadar Registration
office at Barasat by Asif Ahmed
... of the Executant / Claimant.

Asif Ahmed
... M.A. Karim ...
... Rajarhat ... P.S. Rajarhat
District — North 24-Parganas
Caste - Hindu/Muslim/Christian
... Bagan Lane P.S. Amherst ... Kolkata ... Islam, Service.

V. Asif Ahmed.

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D. S. R.-II)
12 OCT 2007

19434

Asif Ahmed.

Arshad uz Zaman
... M.A. Karim
... Rajarhat
... Kadambagachi ... Barasat
District — North 24-Parganas
Caste - Hindu/Muslim/Christian
... Business.

Arshad-uz-Zaman
S/o M.A. Karim
Vill - Rajarhat
P.O. - Kadambagachi
P.S. Barasat
Dist. (N) 24 Pgs

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D. S. R.-II)
12 OCT 2007

D.S.R. Regn. Fees Rs. 141908
realised on 15-10-08
as per Misc. Receipt No. 4133
dated 15-10-08



North 24 Pargs. Barasat
15-10-08

কোবালা দাতা/বিক্রেতা :—

**আসিফ আহমেদ,** পিতা - মৃত সেখ আশানুল্লা,

সাং - কাঁজিয়াল পাড়া, পোঃ ও থানা - রাজারহাট,

জেলা - উত্তর ২৪ পরগণা।

হাল সাং - ৬, এ্যাটনী বাগান লেন,

থানা - আমহার্স্ট স্ট্রীট, কোলকাতা - ৭০০০০৯।

জাতীয়তায় - ভারতীয়, ধর্মে - ইসলাম, পেশা - চাকুরী।

কস্য শুভ সাফ বায়নাপত্র মিদং কার্য্যঞ্চাগে :—

জেলা উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট, সাবেক সাব-রেজিষ্ট্রী অফিস - কাশীপুর দমদম, হাল এ.ডি.এস.আর. বিধাননগর (সল্টলেক সিটি) অফিসের অন্তর্গত পরগণা কলিকাতার মধ্যে জে. এল. নং ১৩, মৌজা রেকজোয়ানী স্থিত ২৯৯৮ নং তৌজির হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেক্টর বাহাদুর অধীনে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বীয় জমিজমার মধ্যে সাবেক ১৫৪৬ নং, আর. এস. ২০১২ নং খতিয়ান অধীন হাল পি-১১৮ নং খতিয়ানভুক্ত সাবেক ২৯ নং হাল ৩২ নং দাগে বাগান ২৪ শতক জমি মায় দরবস্তু হকুক সহ আরো অন্যান্য জমি জনৈক সেখ সাহাদাত হোসেন সাহেব স্বত্বদখলিকার থাকাকালীন বিগত ইংরাজী ২০/০৪/১৯৬০ তারিখে মোকাম কাশীপুর দমদম সাব-রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৪২ নং ভলুমের ২৬৫ নং হইতে ২৭০

পাতায় নকলীকৃত ৩৪৪১ নং দানপত্র দলিল মূলে উক্ত সাহাদাত হোসেন সাহেব আমি অত্র কোবালার বিক্রেতা আমার চাচা সেখ আমানুল্লা সাহেবকে দান করিয়া দিয়া চিরনিঃস্বত্ব হইলে পর উক্ত আমানুল্লা সাহেব উক্ত দানপ্রাপ্ত সম্পত্তিতে নিজ খাসে ভোগদখলিকার থাকাবস্থায় বিগত ইংরাজী ২৬/০৭/১৯৬৩ তারিখে মোকাম ঐ একই অফিসের ১ নং বহির ৯৯ নং ভল্যুমের ৭৪ নং হইতে ৭৬ পাতায় নকলীকৃত ৬৩২৮ নং রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল মূলে ১০এ, কংগ্রেস একজিবিশন রোড, কোলকাতা - ১০ নিবাসী জাহাঙ্গীর কবীর সাহেবকে বিক্রয় করিয়া চিরনিঃস্বত্ব হয়েন।

অতঃপর উক্ত জাহাঙ্গীর কবীর সাহেব উক্ত খরিদা সম্পত্তিতে নিজ খাসে ভোগদখলিকার থাকাবস্থায় বিগত ইংরাজী ১৮/০৬/১৯৬৮ তারিখে মোকাম ঐ একই অফিসের ১ নং বহির ৭৯ নং ভল্যুমের ১৪১ নং হইতে ১৪৩ পাতায় নকলীকৃত ৫৩৪২ নং রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল মূলে আমার পিতা বর্তমানে মৃত সেখ আশানুল্লা সাহেব খরিদ করিয়া উপরিবর্ণিত ২৪ শতক সম্পত্তি সহ আরো অন্যান্য জমিতে নিজ খাসে ভোগদখলিকার থাকাবস্থায় লোকান্তরিত হইলে পর আমি তাহার একমাত্র পুত্র বিধায় পৈতৃক ওয়ারিশান সূত্রে নিম্ন তপশীল বর্ণিত ২৪ শতক জমি সহ তৎত্যক্ত আরো অন্যান্য সম্পত্তি প্রাপ্ত হইয়া বর্তমান এল. আর. জরিপে পি-১১৮ নং খতিয়ানে নিজ নাম লিপিবদ্ধ করাইয়া অদ্যাবধি

অন্যের নিরাংশে নিজ খাসে স্বত্ববান, ভোগবান ও মালিক দখলিকার বিদ্যমান আছি।

এক্ষণে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারণবশতঃ নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় নিম্ন তপশীল বর্ণিত ২৪ শতক জমি মায় দরবস্ত হকুক বিক্রয় করিবার ঘোষণা, প্রচার ও প্রকাশ করিলে আপনি অত্র কোবালা গ্রহীতা লোক পরম্পরায় উক্ত বিষয় অবগত হইয়া বর্তমান বাজারের সর্বোচ্চ মূল্য মং ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা গ্রহণে আপনাকে বিক্রয় করিয়া অদ্য তারিখ হইতে আপনার খাস দখলে পরিত্যাগ করিয়া এককালীন চিরদিনের জন্য চিরতরে চির নিঃস্বত্ব ও দখল ত্যাগী হইলাম ও অদ্যকার তারিখ হইতে আপনার খাস দখলে পরিত্যাগ করিলাম।

আপনি অদ্যকার তারিখ নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তিতে আমার স্বত্বে সম্পূর্ণ স্বত্ববতী, হকে হকদারিণী ও দখলে দখলিকারিণী এবং দান বিক্রয় বন্ধক ইত্যাদির দ্বারা সর্বপ্রকার হস্তান্তরকরণের স্বত্বাধিকারিণী হইয়া স্থানীয় পঞ্চায়েতে ও মালিক সেরেস্তায় আপনার নিজ নাম পত্তন পূর্বক যদৃচ্ছামত ব্যবহারে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরমসুখে ভোগ দখল করিতে থাকুন বা থাকিবেন।

কস্মিনকালে উপরোক্ত বিক্রিত সম্পত্তি সম্বন্ধে আমি

কিংবা আমার কোন ওয়ারিশান কিংবা স্থলাভিষিক্তগণ কেহ কখনও কোনপ্রকার দাবীদাওয়া করি কিংবা করে তাহা সর্বত্র সর্ব আদালতে বাতিল ও নামঞ্জুর হইবে।

আরো প্রকাশ থাকে যে, বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্বে অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক বা অন্য কোন প্রকার হস্তান্তর বা সরকার বাহাদুর কর্তৃক এ্যাকুইজিশান বা রিকিউজিশান হয় নাই। সম্পূর্ণ নির্দায়, নির্দোষ ও মুক্তাবস্থায় ও আমার খাস দখলে থাকাবস্থায় আপনাকে অত্র সাফ্ কোবালার দ্বারা বিক্রয় করিলাম ও আপনার খাস দখলে পরিত্যাগ করিলাম।

যদি ভবিষ্যতে কোন প্রকার দান, বিক্রয়, বন্ধক বা অন্য কোন প্রকার হস্তান্তর বা দায় সংযোগ করা বা সরকার বাহাদুর কর্তৃক এ্যাকুইজিশান বা রিক্যুইজিশান করা প্রকাশ পায় তাহা হইলে মাফিক আইন আমলে আসিব এবং যাবতীয় ক্ষতি খেসারতের দায়ী হইব।

আরো প্রকাশ থাকে যে, অত্র কোবালা দলিলে যদি ভবিষ্যতে কোন প্রকারের ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা হইলে বেওজরে বিনা পণে আপনার খরচায় সংশোধনী দলিল রেজিষ্ট্রী করিয়া দিবার জন্য বাধ্য রহিলাম বা রহিল ও নিম্নোক্ত তপশীল জমি আমি নিম্নলিখিত চৌহদ্দি মোতাবেক আপনার দখলে

পরিত্যাগ করিলাম।

এতদার্থে আপন ইচ্ছায়, সুস্থ শরীরে, অন্যের বিনা অনুরোধে, সরলান্তকরণে, বিনা প্ররোচনায় অত্র সাফ বিক্রয় কোবালা দলিলের মর্ম্ম পাঠে সম্যক অবগত হইয়া নিজ সহি সম্পাদন করিয়া রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি বাংলা ১৪১৪ সনের ২৩শে আশ্বিন, ইংরাজী ১১ই অক্টোবর, ২০০৭ সাল।

—ঃঃ বিক্রীত তপশীল সম্পত্তির পরিচয় ঃঃ—

জেলা উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট, সাবেক সাব-রেজিষ্ট্রী অফিস - কাশীপুর দমদম, হাল এ.ডি.এস.আর. বিধাননগর (সল্টলেক সিটি) অফিসের অন্তর্গত পরগণা কলিকাতার মধ্যে জে. এল. নং ১৩, মৌজা রেকজোয়ানী স্থিত ২৯৯৮ নং তৌজির হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেক্টর বাহাদুর অধীনে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বীয় জমিজমার মধ্যে ২৪ শতক জমি যাহার বার্ষিক হারাহারি খাজনা পশ্চিমবঙ্গ ল্যান্ড হোল্ডিং রেভিনিউ আইন মতে ধার্য্য হইবে।

মৌজা - রেকজোয়ানী, জে. এল. নং ১৩,

সি. এস. খতিয়ান ১৫৪৬ নং,

আর. এস. খতিয়ান ২০১২ নং

হাল পি-১১৮ নং খতিয়ানভুক্ত যাহা আমার স্বনামীয়,

# DISTRICT NORTH 24 PARGANAS
OFFICE OF THE D.S.R. Barasat



(Photo of the presentant should be pasted in the front page of the docur

(1)

Name ..........................................................................  Status - Presentant

## LEFT HAND FINGER PRINTS

| LITTLE | RING | MIDDLE | FORE | THUMB |
|---|---|---|---|---|
| | | | | |

## RIGHT HAND FINGER PRINTS

| THUMB | FORE | MIDDLE | RING | LITTLE |
|---|---|---|---|---|
| | | | | |

*All the above fingerprints are of the abovenamed person and attested by the said person*

Asif Ahmed.
*Signature of the presentant*



(2)

Name ..........................................................................

Status - Presentant/Executant/Claimant/Attorney/Principal/Guardian/Testator ( √ )

## LEFT HAND FINGER PRINTS

| LITTLE | RING | MIDDLE | FORE | THUMB |
|---|---|---|---|---|
| | | | | |

## RIGHT HAND FINGER PRINTS

| THUMB | FORE | MIDDLE | RING | LITTLE |
|---|---|---|---|---|
| | | | | |

*All the above fingerprints are of the abovenamed person and attested by the said person*

Rabia Bibi
*Signature of the Presentant / Executant /*

সি. এস. ২৯ (ঊনত্রিশ) নং আর. এস. ও এল. আর. ৩২ (বত্রিশ) নং দাগে বাগান ২৪ (চব্বিশ) শতক জমি অত্র কোবালা ভুক্ত হইয়া বিক্রীত হইল যাহা অত্র দলিল সংলগ্ন নকশায় লাল রঙের বর্ডার দ্বারা বেষ্টিত ও চৌহদ্দিকৃত হইতেছে। বিক্রীত সম্পত্তি রাজারহাট-বিষ্ণুপুর ১ নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্ভুক্ত হইতেছে।

—ঃঃ চৌহদ্দি ঃঃ—

উত্তরে ঃ ৩১ নং দাগের জমি।

দক্ষিণে ঃ পি.ডবলু.ডি. রোড।

পূর্বে ঃ ৩৩ নং দাগের জমি।

পশ্চিমে ঃ পি.ডবলু.ডি. রোড।

অত্র সংলগ্ন নকশা, দাতা-গ্রহীতার ছবি ও সহি অত্র কোবালা দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

—ঃঃ টাকার জায় ঃঃ—

| তারিখ | চেক নং | ব্যাঙ্ক ও শাখার নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ২৩/০৪/২০০৭ | ৫৫১৮০৯ | এস.বি.আই., বাগুইআটি | ৫,০০,০০০.০০ |
| ১২/১০/২০০৭ | ৫৫১৮১২ | এস.বি.আই., বাগুইআটি | ৫,০০,০০০.০০ |
| | | মোট | ১০,০০,০০০.০০ |

মুসাবিদাকারক ঃ—

Narayan Ch. Basu
Advocate
এ্যাডভোকেট W.B. 694/85
বারাসাত জাজেস কোর্ট

বর্ণ সংস্থাপনে ঃ—

(কুন্তল সিংহ রায়)

ইসাদি ঃ—

১। Arshad-ud Zaman
of Kayra P.S. Barasat

২। Md Firoz Thandar
of Kalsara
P.S. Barasat


**LAND LAYOUT SITE PLAN OF MOUZA - RECKJOANI, J.L. NO. 13, C.S. KHATIAN NO. 1546, R.S. KHATIAN NO. 2012, L.R. KHATIAN NO. P-118, C.S. DAG NO. 29, R.S. & L.R. DAG 32, P.S. - RAJARHAT, DIST.- NORTH 24 PARGANAS UNDER RAJARHAT BISHNUPUR 1 NO. GRAM PANCHAYET.**

**AREA TO BE SOLD : 24 DECIMAL**

**MARKED BY RED BORDER**

**NAME OF THE VENDOR : SK. ASIF AHAMED**

**NAME OF THE VENDEE : MST. RABIA BIBI**




AS PER THE SKETCH MAP
WORKED OUT BY

Asif Ahmed

SIGNATURE OF THE VENDOR

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 7
Page from 5991 to 6001
being No 06930 for the year 2008.

(X) 21-November-2008
District Sub Register II
Office of the D.S.R.-II NORTH 24-PARGANAS
West Bengal